মুমিন কখনো মূর্খ ও অজ্ঞ হয় না। সে তার চারপাশে চোখ-কান খোলা রেখে চলে। জ্ঞানী, বুদ্ধিমান ও উন্নত চিন্তার অধিকারী হবে। তার বুদ্ধি ও পরিকল্পনার দ্বারা দুশমনদের কৌশল দুশমনদের উপরই বাস্তবায়ন করবে।

সঠিক উপলব্ধির মাধ্যমে শরিয়তের বিধিবিধান কার্যকর করা

একবার এক আলেম মুজাহিদ অন্যান্য মুজাহিদীনের মজলিশে এক মদখোরের দৃষ্টান্ত পেশ করেন। তিনি বলেন, "এক মদখোর মদ পান করে মাতাল অবস্থায় রাস্তার পাশে পরে ছিল। তার অবস্থা ছিল খুবই শোচনীয়! একেবারে মৃত্যুর দ্বারপ্রান্তে। তো, এ অবস্থায় এক মুজাহিদ তাকে দেখে ফেলে। এখন বলুন, এ মুজাহিদ মদখোরের সাথে কেমন আচরণ করবে? সে কি তাকে পানি পান করাবে নাকি তার উপর মদের হদ কায়েম করবে? এ অবস্থায় আল্লাহ তা'আলার কি হুকুম তার উপর বাস্তবায়ন করা হবে? পানি পান করাবে নাকি হদ জারি করবে? কেননা উভয়টা বাস্তবায়ন করার সুযোগ আছে। তো শরয়ী জ্ঞানে অনভিজ্ঞ মুজাহিদ ভাই হদ কায়েম করলো। এতে লোকটি মারা গেল। এখন তার ফলাফল কি দাঁড়ালো? একজন মুজাহিদের বেত্রাঘাতে একজন মুসলিম মারা গেলো। শরিয়তের বিধান হলো, মদের শাস্তি একশত বেত্রাঘাত, মেরে ফেলা নয়। কিন্তু লোকটি তো আঘাতে মারা গেছে। এতে মুজাহিদের উপর 'দিয়ত' ওয়াজিব হলো"।

মুজাহিদগণের এই দৃষ্টান্ত থেকে শিক্ষা নেওয়া উচিৎ যে, শুধু হদ কায়েম করার দ্বারাই শরিয়াহ বাস্তবায়ন করা যায় না। বরং 'হদ' তো শরিয়ার ক্ষুদ্র একটি বিষয় যা কখনো সন্দেহ-সংশয় ও সাক্ষীর অনুপস্থিতিতে রহিত হয়ে যায়। প্রকৃত শরিয়ত হলো, আল্লাহর ইবাদতকে মানুষের জন্য সহজ করা। ইবাদতে বাধা দান করে এমন সকল বিষয় দূরীভূত করা।

শরিয়ত তো হলো, মানুষের জীবনের নিরাপত্তা দেওয়া, পবিত্র জীবন অতিবাহিত করার সুযোগ করে দেওয়া। গরীব মিসকিনের মাথায় হাত বুলানো, ইয়াতিম ও বিধবাদেরকে দেখাশুনা করা। 'আমর বিল মারুফ নাহি আনিল মুনকার' করা, আল্লাহর অবাধ্যদেরকে তার পথে নিয়ে আসা। মুমিনদের সাথে বন্ধুত্ব রাখা এবং কুফফারদের সাথে শত্রুতা রাখা। মুসলিম ভূমি প্রতিরক্ষা করা। উম্মাহের জিম্মাদার মুজাহিদীনের পক্ষ থেকে সাধারণ মুসলিমদের প্রতি দয়া ও অনুগ্রহ করা। রাষ্ট্রীয় কুফর ও তার মিত্রদের গড়া শিক্ষাব্যবস্থাকে ছুড়ে ফেলে দ্বীনি শিক্ষার প্রচার ঘটানো। দ্বীন ও শিআরে দ্বীনের গালমন্দকারীদের জিহ্বা উপড়ে ফেলা।

আম জনসাধারণকে ধমক দেওয়া, তাদের মাঝে বংশীয় পার্থক্য সৃষ্টি করা, তাদের জান-মাল, ইজ্জত-আব্রু জিহাদের ক্ষেত্রে প্রাধান্য না দেওয়া ইত্যাদি বিষয় মুজাহিদগণকে জনগণ থেকে অনেক দূরে সরিয়ে দেয়। সেই সময় মুজাহিদীনদের মুখে ইসলামী কোন শ্লোগান থাকলেও তারা জনবিচ্ছিন্ন হয়ে পড়েন। তাই মুজাহিদগণের উচিৎ শরিয়তের সঠিক বুঝ অর্জন করা। এইজন্য জরুরী, যেন নিজেদের পবিত্র শ্লোগান তথা "হয়তো শরিয়ত, নয়তো শাহাদাত" সঠিকভাবে বাস্তবায়িত হয় এবং জিহাদী কাফেলাকে যেন আরো সামনে অগ্রসর করা যায়।
আল্লাহ তা'আলা মুজাহিদীনের কাজে বারাকাহ দান করুন। আমীন।

উস্তাদ আহমাদ ফারুক রহ. এর সাথে কিছুক্ষণ (পর্ব-০৬)

মূল: মুইনুদ্দিন শামী

অনুবাদ: মুহাম্মাদ আখতারুজ্জামান

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সকল প্রশংসা নিঃসন্দেহে কেবলমাত্র আল্লাহ্ তা'আলার জন্যই, যিনি আমাদের পালনকর্তা, আমাদেরই আল্লাহ্। তিনি আমাদেরকে সৃষ্টি করেছেন এবং তিনিই আমাদের মৃত্যু দান করেন। নিঃসন্দেহে তিনি জীবন ও মরণ এজন্যই সৃষ্টি করেছেন, যাতে করে তিনি দেখে নিতে পারেন যে আমাদের মধ্যে থেকে কে উত্তম আমল করে?

নোট: উক্ত আলোচনায় যেখানেই 'উস্তাদ' বা 'উস্তাদজী' শব্দটির ব্যবহার হয়েছে, তার দ্বারা উদ্দেশ্য হলোঃ 'শহীদ আলেমে রব্বানী উস্তাদ আহমাদ ফারুক (রহমাতুল্লাহি আলাইহি)।

পান্থশালায় উস্তাদজীর দরস

হিজরী ১৪৩২ সালের দুই তারিখ ছিল। মুসা ভাই আমাদেরকে সকাল হতেই মিরানশাহ্ বাজারের এক পান্থশালা বা রেস্টুরেন্টে নিয়ে গেলেন। উক্ত রেস্টুরেন্টটি দু'কামরা বিশিষ্ট এবং কারুকার্য খচিত মনোরম পরিবেশের ছিল। সেখানে পৌঁছে দেখি সাথীদের আসা যাওয়া অব্যাহত রয়েছে।

কিছুক্ষণ পর উদ্দিষ্ট সাথীরা একত্রিত হয়ে যায় এবং অন্যান্য সাথীরা চলে যায়। আমরা দশ এগারো সাথী উস্তাদের সামনে দু'জানু হয়ে বসে থাকি। উস্তাদজী (রহ.) তার অভ্যাস অনুযায়ী ঠোঁট কামড়াতে ছিলেন। মুখে স্ফীত হাঁসি, মাথাকে হালকা ঝুঁকিয়ে, আস্তে আস্তে শ্বাস নিচ্ছিলেন এবং নিচের দিকে দেখতে ছিলেন।

ঐ দিন আমাদের দাওরায়ে শরিয়্যাহ্ শুরু হয়েছিল। তদনুযায়ী সামনের দরসগুলো এবং সে সময়কার কর্মগুলোর বিষয়ে আলোচনা করতেই উস্তাদজী (রহ.) আমাদের মাঝে তাশরীফ আনেন।

লেখকের হৃদয়ের আকুতি!

ঐ দিনের দাওরাতে অংশগ্রহণকারী অনেকেই আজ শাহাদত বরণ করে (তাদের সৎকর্ম ও খোদাভীতি যা আমরা প্রত্যক্ষ করেছি সেই ধারনা অনুযায়ী, কিন্তু বাস্তব অবস্থাতো আল্লাহ্ তা'আলাই ভালো জানেন) উস্তাদজী (রহ.)-এর মতো সবুজ পাখি হয়ে জান্নাতের কাননসমূহে উড়ছেন, কেউ জান্নাতের ঝরনা সমূহের ডুবুরী হয়েছে, কেই আজ ইউসূফ আঃ এর সুন্নাহ্ পালনে জালিমের জিন্দানখানায় বন্দি রয়েছেন, কেউবা শিয়াবে আবী তালেবের মতো জেলখানায় ভিনদেশীদের মতো "আল্লাহ্ এক" বলার অপরাধে বন্দি রয়েছেন, আর আমাদের মতো যাদেরকে আল্লাহ্ জীবিত রেখেছেন (আল্লাহ্ তাদেরকে যেন ঈমান ও জিহাদের উপর দৃঢ় থেকে শাহাদাতের মৃত্যু নসীব করেন-আমীন)। আবার দু-একজন তার থেকেও দূরে চলে গিয়েছে অর্থাৎ জিহাদের পথ থেকে দূরে সরে গেছে। যারা জিহাদের পথ থেকে দূরত্ব বজায় রেখে চলছেন, তাদের উদ্দেশ্যে কিছু বলতে চাইছি; হয়তোবা হৃদয়ের কোন শব্দমালা এমন হয়ে যেতে পারে, কোন অজানা তথ্য বের হয়ে আসতে পারে, অথবা এমন কোন আবেগ জাগ্রত হতে পারে যার ফলে তারা পুনরায় আমাদের বাহনের সাথী হয়ে যায়।

হে জিহাদ বিচ্যুত পথিক! অমৃত স্বাদের সন্ধান পেয়ে কোথায় ঘুরছো? অস্থির জীবনের দিকে কেন চলছো? তোমরা ভালো করেই জান যে, আমরা তোমাদেরকে ছাড়া কখনো শান্ত থাকতে পারিনা। এমন কোন দিন অতিবাহিত হতো না যে, আমাদের অন্তর তোমাদের সাক্ষাতের আকাঙ্ক্ষা করেনি। আর তোমাদের ও আমাদের মিলনের একমাত্র আনন্দের পথ যাকে 'জিহাদ ফি সাবিলিল্লাহ' বলা হয়।

হে পথিক! আমাদের বিচ্ছেদ বন্ধু! আমাদের চোখের শিশির দেখ! অহেতুক কথা বলতে চাইনা... কিন্তু ব্যথিত অন্তরের কিছু কষ্ট শোনাতে চাই... হৃদয়ের গভীর থেকে কিছু বলতে চাই;

হে অপরিণামদর্শী! তুমিতো কাঁচের প্রাসাদে অবস্থান করছ, কিন্তু ঐখানে যেন তোমার হৃদয় স্থির হয়ে না যায়....

হে আবাবিল! সম্মান ও মর্যাদার পথে ফিরে এসো।

উস্তাদজীর ইলম অর্জনের প্রতি গুরুত্বারোপ

উস্তাদজী (রহ.) মাথা উঠালেন এবং বিসমিল্লাহ্ বলে আলোচনা শুরু করলেন। আল্লাহর প্রশংসা ও নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রতি দুরূদ পাঠের পরে বললেন যে, আমরা আজকে গুরুত্বপূর্ণ উদ্দেশ্য নিয়ে একত্রিত হয়েছি। সে উদ্দেশ্য হলো দ্বীনি জ্ঞান অর্জন করা এবং এ দাওরা দ্বীনি জ্ঞান অর্জনের একেবারে সাধারণ একটি বিষয়, প্রাথমিক অবস্থা।

হযরত উস্তাদজী (রহ.) একটা কথা প্রায়শ বলতেন যে, দ্বীনি জ্ঞান অর্জন করা খুবই গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় বিষয়তো বটেই বরং মুজাহিদীনদের জন্য অধিক প্রয়োজনীয় বিষয়। প্রথমত; মুজাহিদীনের উপর উম্মাহর জিম্মাদারী, মুসলিম উম্মাহর সফলতা ও ইসলাহের দায়িত্ব। দ্বিতীয়ত; জিহাদ আর জিহাদের ময়দানে প্রত্যেকটি বিষয়াদির অনুধাবন করা যে, এক্ষেত্রে দ্বীনের দাওয়াতের বড় বড় লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে, আছে কিতালের দিকনির্দেশনা, রাজনৈতিক বিষয়াদি, কার সাথে চুক্তি করা বৈধ আর কার সাথে অবৈধ। এজন্য মুজাহিদীনদের ইলমে দ্বীন অর্জন করা অধিক জরুরী হয়ে থাকে।

উস্তাদজী (রহ.) এর আলোচ্য বিষয়ের মধ্যে শায়েখ ইবরাহীম রবীশ (রহ.) এর একটি কথা উল্লেখ করা ভালো মনে করছি। তিনি বলেন, "সঠিক কথা হলো জিহাদ এবং ইলমে দ্বীন অর্জন করার সম্পর্ক খুবই ঘনিষ্ঠ সম্পর্ক, একটি আরেকটির সম্পূরক। আল্লাহর পথের মুজাহিদের জন্য জরুরী হলো পবিত্র শরীয়তের ইলমের প্রতি ধাবিত হবে, ঠিক তেমনিভাবে যেভাবে একজন তালিবুল ইলমের উদ্দেশ্য এমন হবে যে, সে আল্লাহর রাস্তায় জিহাদ করতেছে।

যদি আমরা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং হযরতে সাহাবায়ে (রা.)দের প্রতি দৃষ্টি নিবদ্ধ করি তাহলে আমরা সকল সাহাবাদেরকে এ বিষয়ের উপর দেখতে পাবো যে, তারা ইলম তথা দ্বীনি জ্ঞান অর্জনের সাথে সাথে আল্লাহ্ তা'আলার রাস্তায় জিহাদ করেছেন। তারপরে অতিরিক্ত আরেকটি বিষয় হচ্ছে যে, আল্লাহর শরীয়তের ইলম খোদাভীতির পথে চলতে সহায়তা করে, যেমনিভাবে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার বাণী:-

إِنَّمَا يَخْشَى اللَّهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ

"আল্লাহকে তার বান্দাদের মধ্যে থেকে তারাই বেশি ভয় করে, যারা ইলমের ধারক বাহক"। (সূরা ফাতির-২৮)

আর এ কথা জেনে রাখা প্রয়োজন যে, আল্লাহ্ তা'আলার ভয় আল্লাহর পথে জিহাদ করার মাধ্যমে অর্জিত হয়!

যেমনিভাবে উস্তাদজী (রহ.) অধিকাংশ সময় বলতেন যে, আমিরুল মু'মিনীন সায়্যিদিনা হযরত উমার রা. বলতেন-

تفقهوا قبل أن تسودوا

'ইলম অর্জন কর তোমাকে নেতা (জিম্মাদার) বানিয়ে দেওয়ার পূর্বে' (দারা-কুতনী)।

এরপর উস্তাদজী (রহ.) বলেন যে, হযরত উমার রা. এর উক্ত বাণীকে 'আমিরুল মু'মিনীন ফিল হাদিস' শিরোনামে উল্লেখ করে ইমাম বুখারী (আল্লাহ তার কবরকে নূর দ্বারা পূর্ণ করে দিন) বলেন- 'আমি বলতেছি যে, ইলম অর্জনের পরই যেন তোমাকে নেতা (জিম্মাদার) বানানো হয়।' তাই হযরত উস্তাদজী (রহ.) ইলমে দ্বীন অর্জনের উপর খুবই গুরুত্ব দিতেন।

উক্ত দাওরাতে উস্তাদজী (রহ.) যা কিছু শিখালেন এবং পড়ালেন সম্ভবত এ মজলিসটি তার উপযোগী ছিলনা। কেননা 'ইরাদাতুস সাহাব- বর্রে ছগীরের কিছু প্রিয়জনেরা উস্তাদজীর (রহ.) দাওরায়ে শরিয়্যাহ্ এর প্রচার-প্রচারণা শুরু করতে যাচ্ছিলেন, সম্ভবত সে কারণে ছুটির ঘণ্টা বেজে যায়। আল্লাহ্ পাক যেন পুনরায় উক্ত দাওরার ধারাবাহিকতা জারি করেন। যাতে করে মুজাহিদীন ও তালিবুল ইলমদের জন্য ফয়জ ও দিকনির্দেশনার মাইলফলক উন্মোচিত হয়।

দাওরার কার্যাবলীঃ তাজবীদুল কুরআন শিক্ষা

উক্ত দাওরাতে হযরত উস্তাদজী (রহ.) আমাদেরকে প্রতিদিনের রুটিন এভাবে করেছিলেন যে, ফজরের নামাজের পরেই তাজবীদের দরস্ হতো। উক্ত তাজবীদের দরসের জন্য উস্তাদজী (রহ.) এগারোটি সূরা নির্বাচিত করেছিলেন অর্থাৎ সূরা ফাতিহা এবং শেষের দশ সূরা তথা সূরায়ে ফীল থেকে সূরায়ে নাস। উক্ত এগারোটি সূরা আমাদেরকে দু'ভাবে পড়াতেন; যথা- এক. তাজবীদ উল্লেখ না করেই তাজবীদের সাথে পরে এভাবেই হিফজ বা মুখস্থ করাতেন। দুই. তাজবীদ উল্লেখ করে পড়াতেন যাতে করে পূর্ণ কুরআনুল কারীম পড়ার সময় কাজে লাগে। যে সকল উদাহরণ উক্ত এগারো সূরাতে নেই, সেগুলো ভিন্ন ভিন্ন ভাবে বলে দিতেন।

নাস্তা

তাজবীদের দরস্ শেষ হওয়ার পরে ছুটি হয়ে যেত। যে সকল সাথীদের নাস্তা বানানোর জিম্মাদারী ছিল তারা নাস্তা তৈরির কাজে চলে যান। আর বাকিরা আযকারের মধ্যে মশগুল হয়ে যেতেন অথবা কোন নফল যেমন, ইশরাকের নামাযে লিপ্ত হতেন। কেউবা খোশ গল্পে আবার কেউ পিছনের পড়া ঠিক করতে থাকতেন। কেননা, উস্তাদজী (রহ.) প্রতিদিন পূর্বের পড়া থেকে লিখিত পরীক্ষা নিতে

নাস্তা শেষ করে দস্তরখান তুলে নেওয়া হলে উস্তাদজী (রহ.) স্বীয় হাজত পুরা করতে উঠে যেতেন, তারপর ওযু করে কিছু নফল আদায় করে আবার দরসে তাশরীফ আনতেন।

মাসনূন দূ'আ শিক্ষা

এ সময়ে মাসনূন দূ'আ সমূহ মুখস্থ করাতেন। উস্তাদজী (রহ.) 'হিসনুল মুসলিম' তথা 'মুসলিমের দূর্গ' নামক কিতাব থেকে ফরজ নামাযান্তের সুন্নাত দূ'আ, খানা-পিনার সময়কার দূ'আ, ইস্তেঞ্জায় আসা যাওয়ার দূ'আ, ঘুমানোর ও ঘুম থেকে জাগ্রত হওয়ার দূ'আ মুখস্থ করাতেন। সকাল-সন্ধ্যার দূ'আ মুখস্থ করাতেন না। যেহেতু সাধারণত জিহাদের ময়দানে যাওয়ার পূর্বে অর্থাৎ 'দাওরায়ে তাসিসী' বা 'বেসিক ট্রেনিং' চলাকালীন সময়ে সকাল-সন্ধ্যার দূ'আ সমূহ মুখস্থ করানো হয়ে থাকে।

পরীক্ষা গ্রহণ

উক্ত দরসের পরে পরীক্ষা হতো। সামনে টানিয়ে রাখা হোয়াইট বোর্ড-এ উস্তাদজী (রহ.) মার্কার পেন দিয়ে প্রশ্নাবলী লিখে দিয়ে দরসগাহ্ থেকে চলে যেতেন। উত্তর লেখার জন্য আনুমানিক আধা ঘণ্টার মতো সময় পাওয়া যেত। তারপরে তিনি এসে উত্তরপত্রগুলো একত্রিত করে নিজের থাকার রুমে নিয়ে রেখে দিতেন। পরে সুযোগ মতো উক্ত উত্তরপত্র দেখে নম্বর দিয়ে দিতেন। এভাবে ধারাবাহিক ভাবে দরস্ চলতে থাকে।

যোহরের নামায ও খানা বিহীন কাইলূলাহ্!

উক্ত দরস্ যোহরের নামাযের এক ঘণ্টা পূর্ব পর্যন্ত চলতে থাকে। সবক শেষ হওয়া এবং যোহরের নামাযের মাঝের সময়ে সাথীরা 'কাইলুলা' বা সামান্য বিশ্রাম করে যোহরের নামায আদায় করতেন। নির্ধারিত সময়ে নামায আদায়ের ব্যাপারে খুবই কঠোরতা প্রয়োগ করা হতো। এমনকি কিছু সাথীরা পরস্পরের সাথে ঘড়ির সময় মিলিয়ে নিতেন, যাতে করে কেউ যেন নামাযে দেরি করে না আসে। উস্তাদজী (রহ.) দাওরার শুরুতেই পরামর্শ করে সিদ্ধান্ত নিয়ে নিতেন যে, দুপুরে কোন খাবার হবে না। বরং হালকা নাস্তা বা জলখাবারের ব্যবস্থা করা হবে। যা কোন একজন সাথীর মাধ্যমে বাজার থেকে আনা হতো এবং সাথে চায়ের ব্যবস্থা করা হতো। উক্ত জলখাবারের পরে আবার দরসে গিয়ে আসর পর্যন্ত সবক পড়ানোর কাজ চলতে থাকতো। আসরের নামায আদায় করে পুনরায় দরসে বসতে হতো। এই ছিল নির্ধারিত আমল সমূহ যে, আসরের নামাযের পরে হযরত উস্তাদজী (রহ.) 'সহীহ মুসলিম শরীফের' ব্যাখ্যাগ্রন্থ 'ফাতহুল মুলহিম' থেকে পাঁচ মিনিটের একটি দরস্ দিতেন। সাধারনতঃ উক্ত দরসে খানার আদব, ঘুমের আদব, ইস্তিঞ্জার আদব ইত্যাদির আলোচনা হতো। এখানে একটা আশ্চর্য বিষয় দেখেছি যে, যে সকল আদবের কথা হযরত উস্তাদজী (রহ.) পড়াতেন, সকল সাথীই সেগুলোর উপর আমলের ধারাবাহিকতা চালু রাখতেন। আল্লাহর অনুগ্রহ এবং নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর তা'লীমের প্রভাব নিঃসন্দেহে হযরত উস্তাদজী (রহ.) এর ইখলাসের ফসল।

উক্ত দরস্ শেষ হওয়ার পরে সাথীরা সন্ধ্যার আযকার আদায়ের জন্য বসে যেতেন। সকাল বেলার মতোই দৃশ্য ভেসে উঠতো। কেউ খোশ গল্পে, কেউবা চা পানে ব্যস্ত ইত্যাদি।

মাগরিবের নামায ও রাতের খানা

মাগরিবের নামায আদায় করে আমাদের মধ্যেকার

খেদমতের সাথীরা মেহমান খানা থেকে রাতের খাবার নিয়ে আসতেন। খানার মাঝেই কিছু সাথী রেডিওতে খবর শুনতে থাকতেন। তারপর ইশার নামাযের সময় হয়ে গেলে নামায আদায় করে নেওয়া হতো। ইশার নামাযের পরে কোন কোন দিন আধা ঘণ্টা থেকে পৌনে এক ঘণ্টা সবক পড়ানোর জন্য বসে যেতেন। তা-নাহলে সাধারনতঃ ইশার নামাযের পরে দরসগাহ্ এর সংলগ্ন কামরা 'খাওয়াব গাহ্' বা বিশ্রামের রুমে চলে যেতেন।
হযরত উস্তাদজী (রহ.) এর সাধারণ অভ্যাস ছিল যে, তাহাজ্জুদের জন্য রাতের শেষ প্রহরে জাগ্রত হতেন। কিন্তু সকালে অধিকাংশ সাথীরাই অনুভব করতে পারতোনা যে, আমাদের সাথী জাগ্রত রয়েছেন। আল্লাহ্ পাক উস্তাদজী (রহ.) এর প্রতি সন্তুষ্ট হয়ে যান এবং জান্নাতের মধ্যে আমাদেরকে তার সাথে একত্রিত করে দেন। (আমিন)

উক্ত দিনগুলিতে আশরাফ ভাই (আল্লাহ্ তা'আলা তাকে মুক্তি দান এবং আনন্দিত করুন) উস্তাদজীর (রহ.) মাজমুয়ার উত্তর ওয়াজিরিস্তানের জিম্মাদার ছিলেন। উস্তাদজীর (রহ.) লজ্জা এবং বিনয়ের নিশানা এমন ছিল যে, যখনই আশরাফ ভাই আসতেন, তখনই দরস্ বন্ধ করে দিতেন এবং আশরাফ ভাইয়ের সামনে শুধুমাত্র লজ্জায় কিছুই পড়াতেন না। তিনি যাওয়ার পরে পুনরায় সবক চালু হতো।

অন্যান্য দাওরাহ্ঃ ফিকহে হানাফী ও অন্যান্য সালাফি উলামাদের অনুসারীগণের অংশগ্রহণ।

উক্ত দাওরাতে ফিকহে হানাফীর অনুসারী যেমন ছিলেন তেমনি অন্যান্য সালাফি উলামাদের অনুসারীও ছিলেন। হযরত উস্তাদজী (রহ.) উক্ত দাওরা শেষে দাওরা সম্পর্কিত কিছু বৈশিষ্ট্য এবং গুণাবলী বর্ণনা করতে গিয়ে বলেন- আজ পর্যন্ত এটাই প্রথম দাওরাহ্ যেখানে কোন সালাফি সাথী এ অভিযোগ উত্থাপন করেননি যে, উলামায়ে হানাফীর হাওয়ালাহ্ বা দলিল কেন পেশ করা হলো? আর কোন হানাফী সাথীও এমন অভিযোগ করেননি যে, কেন সালাফি উলামাদের দলিল নকল করা হলো?

এখনো কি দৃষ্টিভঙ্গি বদলানোর সময় হয়নি?

এখানে একটি কথা উল্লেখ করা খুবই জরুরী মনে করছি, হযরত উস্তাদজী (রহ.) এ কথা ভালোভাবে উপলব্ধি করেছিলেন যে, আহলে সুন্নাহ্ ওয়াল জামা'য়াতের ভিতরের ভিন্ন ভিন্ন চিন্তা-ফিকিরের ব্যক্তি ও উলামায়ে কেরামগণকে আজকে জিহাদের সাথে অংশগ্রহণের মাধ্যমেই একত্রিত করা সম্ভব। কেননা, শাখা-প্রশাখাগত মাসয়ালার ভিত্তিতে দল/উপদল তো উম্মতের মাঝে হযরতে সাহাবায়ে কেরামগণের যুগ থেকেই চলে আসছে। ফিকহী মাসয়ালার মধ্যে মতানৈক্য থাকা সত্ত্বেও সাহাবাদের যুগের থেকে অন্য কোন যুগে কি সীসাঢালা প্রাচীর নির্মিত হয়েছে? মতামত সমূহের এমন মতানৈক্য করা (অত্যন্ত জঘন্য) যে, সঠিক মাসয়ালা বা মতামতের সঠিকতার সাথে সম্পৃক্ত নয় বরং নিজের মতামতকে প্রাধান্য দেওয়া এবং অন্যকে পথভ্রষ্ট ও আহলে সুন্নাহ্ ওয়াল জামায়াহ্ থেকে বের করে দেওয়ার জন্য এমন তির্যক কথা বলা যেগুলোকে দুশমনেরা হাওয়া দিয়ে ফুলিয়ে ফাফিয়ে অগ্নিকুণ্ডে পরিণত করে। আজতো এ ধরনের মতানৈক্যের চিন্তাই করা যায়না যে, শরীয়ত প্রতিষ্ঠার জন্য দাওয়াত ও জিহাদের পতাকা উত্তোলনকারীদের বাহিরে যারা রয়েছেন যেমন: 'রিয়াসাতী বায়ানে' 'পয়গামে পাকিস্তান' ইত্যাদি সংগঠনগুলোর উপর কতই না লেখা-লেখি এবং কত প্রকারের সমস্যা থাকা সত্ত্বেও ভিন্ন ভিন্ন চিন্তাধারার উলামায়ে কেরামকে একত্রিত করে দিয়েছে।

হায় আফসোস!

আফসোস! মুজাহিদীনদের মধ্যে কেউ সালাফি হলে মুজাহিদীনদের উপরে আঙ্গুল তোলা হচ্ছে, কেউ যদি দেওবন্দী হয় তাহলে মতানৈক্যের আঙ্গুল সেখানেও দেখা যায়। কোন সংগঠন বা কোন দলের থেকে জিহাদের ময়দানে আসলে তাকে কত প্রকারের গাল-মন্দের শিকার হতে হয়। আজকে যখন দ্বীনের দুশমন আমেরিকা 'প্রণীত' ইসলামের উপর আহলে সুন্নাহ্ এর সকল চিন্তাধারার ব্যক্তিকে একত্রিত করা হচ্ছে, তার মধ্যে বাচাই করা হচ্ছে না যে, কে রাফেজী, কে গামেদী বরং সকলকে একই (শত্রু) মনে করা হচ্ছে। এক্ষেত্রে কারও আঙ্গুল ওঠেনা, কোন প্রতিবাদও হয় না।

অর্থাৎ মাসয়ালা হলো এ বিষয়ের উপরে যে, আহলে হক এবং ভিন্ন চিন্তাধারার লোকেরা যেন 'হকের' উপর একত্রিত হতে না পারে। ভ্রান্ত বা হক্ব নয় এমন দলের উপর একত্রিত হওয়াই স্বাধীনতা। এমনকি এর জন্য অনেক ক্ষেত্রেই ছাড়ও দেওয়া হয়।

আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে সঠিক পথ প্রদর্শন করুন। আমিন- ইয়া রব্বাল আলামিন।

و اخر دعوانا ان الحمدلله رب العالمين و صلى الله على نبينا و قرة اعيننا محمد
وعلى أله و صحبه ومن تبعهم بإحسن إلى يوم الدين–

[চলবে, ইনশা-আল্লাহ্!]



সাদ ইবন রাবিয়া'র শেষ উক্তি

মূল: শাইখ আনওয়ার আল আওলাকি
অনুবাদ: মাওলানা আব্দুস সালাম।

সাদ ইবনে রাবিআ (রা.) আনসারদের মধ্যে অন্যতম নেতা ছিলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর কি হয়েছে তা জানতে চেয়েছিলেন। তাই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "কে আমাকে সাদ ইবনে রাবিআ (রা.) সম্পর্কে খবর জানাতে পারবে? সে কি বেঁচে আছে না মারা গেছে?" এই কথা শুনে আনসারদের মধ্যে একজন তার খোঁজে বের হলো এবং সে গিয়ে দেখল সাদ (রা.)-এর জীবনের আর কয়েক মুহূর্ত বাকি আছে। এমতাবস্থায় আনসার সাহাবী বললেন, "রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে দেখতে পাঠিয়েছেন যে, তুমি কেমন আছো? তুমি বেঁচে আছো, না মারা গেছো"।

"মনোযোগ দিয়ে শুনুন তিনি কি বলছেন, ইনি হচ্ছেন আনসারদের অন্যতম নেতা। এমন একজন নেতা, যিনি কিনা মারা যাচ্ছেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে আশ্রয় দেওয়ার জন্য। তিনি বললেন, আমি মৃতদের মধ্যে একজন। আল্লাহর রাসুলকে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানাও যে, "সাদ ইবনে রাবিআ (রা.) আপনাকে জানাচ্ছেন, আল্লাহ আপনাকে আমাদের পক্ষ থেকে পুরস্কৃত করুক যেমনটা তিনি অন্য কোন রাসুলকে (আ.) তাঁদের জাতির পক্ষ থেকে করেন নি"। আর তোমরা লোকদের অভিবাদন জানাও এবং বল যে, "সাদ ইবনে রাবিআ (রা.) তোমাদের জানাচ্ছেন, তোমাদের এক চোখ থাকতেও তোমাদের রাসুলের সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন ক্ষতি হলে আল্লাহ তোমাদের ক্ষমা করবেন না"।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনসার লোকটিকে সাদ ইবনে রাবিআর (রা.) পরিস্থিতির খোজ নিতে বলেছেন এবং বলে দেন যে, "যদি তুমি তাকে জীবিত পাও তবে আমার সালাম জানাবে"। তাই লোকটি সাদ ইবনে রাবিআর (রা.) কাছে এসে বললেন, "রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমাকে সালাম দিয়েছেন"। সাদ (রা.) বলছেন, "আল্লাহ, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে পুরস্কৃত করুন যেমনটা আপনি অন্য কোন রাসুলদের (আ.) করেননি"। এই কথা গুলো তিনি বলেছেন মারা যাবার পূর্বে এবং তিনি আল্লাহর কাছে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে পুরস্কৃত করার জন্য দুআ করছেন, যদিও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর জন্যই তিনি মারা যাচ্ছেন।

এখনকার মুসলিমরা যারা খুবই কঞ্জুস এবং তাঁরা আল্লাহ আযযা-ওয়াযালের জন্য তাদের জানমাল ত্যাগ করতে অনিচ্ছুক এবং তাদের কোন ক্ষতি হলে তারা মনে করে এটা ইসলামের জন্য হয়েছে। তারা তাদের দুনিয়া রক্ষা করার জন্য তাদের ধর্ম ত্যাগ করতে রাজি হয়ে যায়।

অপরদিকে আনসারদের ভূমিকা ছিল, তাঁদের জীবন ধ্বংস হয়েছে, তাদের ব্যবসা ডুবে যাচ্ছে, তাদের ক্ষেতের পরিচর্যা হচ্ছে না, তাদের পরিবারে তারা দুর্ভোগে আছে, সেজন্য তাদের বাচ্চারা দুর্ভোগে ভুগছিল। অতঃপর, তাদের পুরো জীবনধারা বদলে গিয়েছিল শুধু রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং মুসলিমদের আশ্রয় দেয়ার কারণে। তাই এখন তিনি বলছেন, "হে আল্লাহ, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পুরষ্কৃত করুন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে সর্বোত্তম পুরষ্কারটি দিন যেমনটা আপনি অন্য কোন রাসুলদের (আ.) দেননি"।

অতঃপর, তিনি তার লোকদের বলছেন, "তোমরা আল্লাহর কাছ থেকে কোন ক্ষমা পাবে না, যদি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কোন ক্ষতি হয়। যতক্ষণ চোখের পাতা ফেলার জন্য তোমাদের কাছে একটি হলেও চোখ আছে, তোমাদের মধ্যে জীবন আছে ততক্ষণ তোমাদের কোন ক্ষমা থাকবে না, যদি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে একটি কাঁটা দিয়েও বিদ্ধ করা হয়। তোমরা বেঁচে থাকতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর অনুভব করা যেকোনো ব্যথার জন্য তোমরা দায়ী থাকবে"।

এরাই হচ্ছে আনসার যারা আল্লাহ আযযা-ওয়াযালের দ্বীনকে জয়ী করেছিলেন।

তারপর সাদ (রা.) মারা যান।

গণতান্ত্রিক ইসলাম
একটি মার্কিন বিকল্পব্যবস্থা



মূল: মুহাম্মদ সালেম বিন মোহাম্মদ আল-আমীন আল-মাজলিসী
অনুবাদ: খালেদ সাইফুল্লাহ

সন্ত্রাসবাদ ও তৎসংশ্লিষ্ট বিষয় ছাড়াও তদন্তকারীরা আমার সাথে যে বিষয়টি জুড়ে দিয়েছে তা হল গণতন্ত্র। তারা এমন কিছু টেপ জব্দ করে, যার মধ্যে আমি গণতন্ত্র ও তার বিধান সম্পর্কে আলোচনা করেছি। তারা সেগুলো শুনে সাথে আরো এমন অনেক বিষয় নিজেরদের পক্ষ থেকে যুক্ত করে দেয়, যা তাকফীর ও মুসলমানদের মাঝে বিবেধ সৃষ্টির সাথে সম্পর্কিত।

আমি মিম্বার থেকে গণতন্ত্রের ব্যাপারে আমার বক্তব্য পরিস্কার ভাবে বলে দিয়েছি। যাদের কাছে দাওয়াতী কাজের গুরুত্ব রয়েছে তারা আলোচনাগুলো রেকর্ডও করেছে- শুকুর আলহামদুলিল্লাহ। আমি তাদের প্রতি কৃতজ্ঞ। তা সত্ত্বেও কিছু কিছু আলেম বুঝতে ভুল করেছে, তারা দুর্বলতা ও অপমানের পথকে বেছে নিয়েছে, অনুসরণ করেছে নম্রতা ও সৌহার্দ্যমূলক আচরণের এবং পতিত হয়েছে ইসলামের শত্রুদের শিরকের গভীরে। তাদের ব্যাপারেই আমার এ সামান্য বক্তব্য, যা আমার পক্ষে বলা সম্ভব হয়েছে।

এখানে কিছু গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরছি:
১. আল্লাহ তাআ'লা বলেন,

فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَٰلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا

'অতঃপর তোমরা যদি কোনো বিষয়ে বিবাদে প্রবৃত্ত হয়ে পড়, তাহলে তা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি প্রত্যাবর্তণ কর-যদি তোমরা আল্লাহ ও কেয়ামত দিবসের উপর বিশ্বাসী হয়ে থাক। আর এটাই কল্যাণকর এবং পরিণতির দিক দিয়ে উত্তম।'
[সূরা নিসা:৫৯]

এ আয়াতের অর্থ হল, প্রত্যেক বিষয়কে ওহীর প্রতি ফিরিয়ে দেয়া। আর ওহীই হচ্ছে প্রকৃত দলিল। মানুষের মতামতের প্রতি নয়, যা তাদের ক্ষুদ্র মেধা থেকে বেরিয়ে আসে। সুতরাং উলামায়ে কেরামের বক্তব্য দলিল হতে পারে না, বরং তাদের বক্তব্যের জন্যই দলিলের প্রয়োজন। আর অন্ধ অনুকরণ তো একটি নিন্দিত বিষয়ই।

২. আল্লাহ তা'আলা বলেন,

فَلَا تَجْعَلُوا لِلَّهِ أَندَادًا وَأَنتُمْ تَعْلَمُونَ

'অতএব, আল্লাহর সাথে তোমরা অন্য কাওকে সমকক্ষ করো না। বস্তুতঃ এসব তোমরা জান।' [সূরা বাকারা:২২]

وَإِنَّ فَرِيقًا مِّنْهُمْ لَيَكْتُمُونَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُونَ

'আর নিশ্চয় তাদের একটি সম্প্রদায় জেনেশুনে সত্যকে গোপন করে।' [সূরা বাকারা: ১৪৬]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تَخُونُواْ اللّهَ وَالرَّسُولَ وَتَخُونُواْ أَمَانَاتِكُمْ وَأَنتُمْ تَعْلَمُونَ
'হে ঈমানদারগণ, খেয়ানত করো না আল্লাহর সাথে ও রসূলের সাথে এবং খেয়ানত করো না নিজেদের পারস্পরিক আমানতে জেনে-শুনে।' -[সূরা আনফাল: ২৭]

এ আয়াতগুলোর উদ্দেশ্য হল, একজন আলেমের জ্ঞান থাকা সত্ত্বেও অনেক সময় এসব ধ্বংসাত্মক বিষয়ের সঙ্গে জড়িয়ে পড়ে। যদি এ বিষয়টি অসম্ভবই হতো, তাহলে তা থেকে বারণ করা হতো না। হাইসামী রহ. তার 'মাজমা'-এ উল্লেখ করেন এবং আবু দারদা রাযি. থেকে মারফু সূত্রে বর্ণিত হয়েছে,

.....إن أخوف ما أخاف عليكم زلة عالم
'আমি তোমাদের উপর আলেমের পদস্থলন সবচেয়ে' বেশি ভয় করি।' [আল-হাদিস]

যদিও রেওয়ায়েতটিতে দুর্বলতা রয়েছে; কিন্তু এ রেওয়াতটি আবু দাউদ রহ. মুয়ায রা. এর সূত্রে বর্ণনা করেছেন। এ সংক্রান্ত একটি বর্ণনা ইমাম তাবরানী রহ. 'আওসাত'-এ এবং খতীব আল-বাগদাদী রহ. 'আত-তারিখ' গ্রন্থে হাসান সূত্রে আবু মুসলিম খাওলানী থেকে বর্ণনা করেছেন, হযরত মুয়ায রা. বলেন,

اتقوا زلة الحكيم
'তোমরা শাসকের পদস্খলনকে ভয় কর।'

৩. চিন্তা ভাবনা করা এবং পরিষ্কার বর্ণনা দেয়া।
গণতন্ত্র সম্পর্কে আলোচকগণের ধারা সমান নয়। তাই আবশ্যক হল তাদের আলোচনার ধারা ভালভাবে লক্ষ্য করা। কারণ, তাদের মধ্যে অনেকে গণতন্ত্রের মূল বিষয় থেকেই বেরিয়ে যাচ্ছে। গণতন্ত্রের ঐ মূলনীতিগুলোকে গ্রহণ করছে না, যার উপর গণতন্ত্রের ভিত্তি। সুতরাং এরাও ভুলের মধ্যে রয়েছে; কারণ এরাও এমন এক বিপদজনক শ্লোগানকে গ্রহণ করছে, যার মাঝে রয়েছে কাফেরদের সাথে সাদৃশ্যতা, যাকে মুত্তাকী ও আদর্শ ব্যক্তিরা ঘৃণা করে। অথচ তারা তাদের কাছে বিদ্যমান ব্যবস্থার সৌন্দর্যের কথা জানে!

৪. এখানে একটি পার্থক্য পরিলক্ষিত হয়। এক হল গণতন্ত্রের দিকে আহবান করা, অন্যদিকে তার মাঝে বিদ্যমান কল্যাণ দ্বারা উপকার লাভ করা; যদি তার মধ্যে কল্যাণ থেকে থাকে। কেননা তার দিকে আহবান করা হল ভ্রষ্টতার দিকে আহবান করা এবং শরিয়তকে তুচ্ছ জ্ঞান করা। আর তার মাধ্যমে উপকারিতা লাভ করার বিষয়টি ভিন্ন, যার রয়েছে আলাদা সীমারেখা।

৫. ইসলামী গণতন্ত্র বা গণতান্ত্রিক ইসলাম নামে যা পরিচিত, তা মুসলমানদের ইচ্ছায় বানান হয়নি। এটি আমেরিকার তৈরি পরিকল্পিত একটি কুফরি মতবাদ। মার্কিন মতবাদ প্রবর্তকেরাই যার রূপরেখা দাঁড় করিয়েছে। আর এ বিষয়টি প্রকাশিত হয় আফগানযুদ্ধের পর আফগানে অবস্থিত মার্কিন রাষ্ট্রদূত জালমাই খলীল যাদার স্ত্রী শিরলী বেনার্ডের রিপোর্ট থেকে। বর্তমানে সে ইরাকের রাষ্ট্রদূত। রিপোর্টটির নাম 'ডেমোক্রেটিক সিভিল ইসলাম'। যার স্বীকৃতি দিয়েছে সিনেট, কংগ্রেস ও হোয়াইট হাউজ। এটাও প্রকাশিত হয়েছে যে, এটি একটি ধারাবাহিক মনস্তাত্ত্বিক লড়াই, যার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্রের ডেপুটি সেক্রেটারি পল রোলফোভিৎজ, যিনি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব, একজন কমান্ডো অফিসার ও সিদ্ধান্ত-বাস্তবায়ন কমিটির একজন সদস্য। রবার্ট স্পেন্সারের তত্ত্ব মতে যিনি কোরআনের নৈপুণ্যকে মোকাবেলা করার আহ্বান জানিয়ে ছিলেন। তা এভাবে যে, যারা মডারেট ইসলাম মানতে চায়, তাদের সামনে গণতন্ত্রকে এমনভাবে পেশ করতে হবে, যেন তার উপকারিতার বিষয়টি তাদের বিশ্বাসে পরিণত হয়ে যায় এবং তা সহজেই গ্রহণ করতে পারে। আর তিনি হচ্ছেন গোয়েন্দা সংস্থার একজন সদস্য, জিহাদ বিরোধী যুদ্ধক্ষেত্রের পরিচালক। আসলে তাদের উদ্দেশ্য হল, কুরআনের বিধান ছাড়া ইসলামের নামে অন্য যে কোনো আন্দোলনের উত্থানই হোক, তাতে তাদের কোন আপত্তি নেই।

বুশ তো নিজেই ইসলামের আভ্যন্তরীণ সভ্যতার বিরুদ্ধে যুদ্ধের আহ্বান জানায়; তবে ঐ পদ্ধতিতে নয়, যে পদ্ধতিটি সভ্যতার লড়াইয়ে হান্টিংটন উত্থাপন করেছিল।

আমেরিকাসহ অন্যান্য আরো অনেক জায়গায় ইসলামের বিকল্প খুঁজে বের করার জন্য যে কনফারেন্সগুলো সংগঠিত হয়েছিল, সেদিকে নযর বুলানো যেতে পারে। শেষ কনফারেন্সটি হয়েছিল ২০০৩ সালে ওয়াশিংটনে। যার আলোচ্য বিষয় ছিল, 'ডেমোক্রেসি অ্যান্ড সিভিলাইজেশন ইসলাম'। তাতে ও অন্যান্য কর্মশালাগুলোতে সেসব রাজনৈতিক ইসলামী দলগুলোর পৃষ্ঠপোষকতার ঘোষণা করা হয়, যে দলগুলো গণতন্ত্রকে মেনে চলবে। যেখানে শরীয়তের বিধিবিধান ও হদ থাকবে না; বিশেষকরে জিহাদ ও মুমিনদের মাঝে ভ্রাতৃত্ব থাকবে না।

আর সে ধারাই সফল হয়েছে তুরস্কে, মিশরে, এমনকি ফিলিস্তিনেও। যদিও দলসমূহের অবস্থা কিছুটা ভিন্ন ভিন্ন। গোপন নথিপত্রগুলোতে এমনটিই পরিলক্ষিত হয়।

আমরা এখানে প্রশ্ন করতে চাই, এধরণের সাফল্যের মাধ্যমে কী অর্জিত হল? তারা কি কুরআনী আইন প্রয়োগ করতে পেরেছে? শরীয়তের হদ কায়েম করতে পেরেছে? কোনো দেশকে স্বাধীন করতে পেরেছে? নাকি শত্রুর চক্রান্ত প্রতিহত করতে পেরেছে? বরং উল্টো এর মাধ্যমে দীনকে দুর্বল করা হচ্ছে, দ্বীন ও ইসলামকে ইসলামের নামেই অপমানিত করা হচ্ছে।

এটাই হল মনস্তাত্ত্বিক লড়াইয়ের আসল তত্ত্ব কথা। আমরা এ ধারার আদর্শব্যক্তিদের আকর্ষণ লক্ষ্য করতে পেরেছি, তারা মার্কিন রাষ্ট্রদূতদের সাথে এ বিষয়ে সাক্ষাতে কথা বলছে, এমন কি আমাদের দেশেও। তো কথা দীর্ঘ হয়ে যাচ্ছে। আমি গণতান্ত্রিক ইসলাম সম্পর্কে একটি টেপ রেকর্ডারে আলোচনা করেছি। এখন আমি কারাগারে, কিতাবাদি থেকে অনেক দূরে; তাই মুখস্থ যা ছিল- সংক্ষিপ্তভাবে লিখলাম। প্রশংসা আল্লাহর, অনুগ্রহও আল্লাহর।

৬. এমন কিছু দাঈ’ আছে, গণতন্ত্রের ব্যাপারে যাদের বক্তব্যের মধ্যে রয়েছে বেশ জটিলতা। এক দিকে তারা বলছে, গণতন্ত্র একটি কুফুরী মতবাদ। হয়ত এর দ্বারা উদ্দেশ্য নিয়েছে এমন গণতন্ত্র, যা বর্তমানে গ্রীসসহ অন্যান্য কাফের রাষ্ট্রে রয়েছে। অপর দিকে তারা বলছে, গণতন্ত্র আসলে ‘দুটি খারাপের মাঝে তুলনামূলক কম খারাপকে গ্রহণ করা’-এ নীতির অন্তর্ভুক্ত। অর্থাৎ- গণতন্ত্র স্বৈরাচারের চেয়ে ভাল। শেষপর্যন্ত তাদের চূড়ান্ত দাবীটি হল, গণতন্ত্রকে মুসলমানদের জন্য একটি মতবাদ হিসেবে গ্রহণ করা যায়। তবে ইসলামের সাথে যে বিষয়গুলো সাংঘর্ষিক তা প্রত্যাখ্যান করতে হবে।

যখন জানা গেল যে, গণতন্ত্র একটি কুফুরী মতবাদ, তখন ‘প্রয়োজন’ তাকে জায়েয সাব্যস্ত করতে পারে না। যতক্ষণ আমরা বলব যে, গণতন্ত্র হল দুটি ক্ষতিকর জিনিসের মাঝে তুলনামূলক কম ক্ষতিকর একটি মতবাদ, তখন ওয়াজিব হল শরীয়তের মূলনীতিকে বাকি রাখা এবং তাকেই গ্রহণ করা। আর শরীয়তের মূলনীতির দাবি হল, বাস্তবিকভাবে গণতন্ত্র একটি ক্ষতিকর মতবাদ। অপরদিকে যদি আমরা তার থেকে ইসলামের সাথে সাংঘর্ষিক বিষয়গুলোকে প্রত্যাখ্যান করি, তাহলে গণতন্ত্রের কী’বা বাকি রইল। গণতন্ত্রের মূলনীতিকেও তো ছেড়ে দেয়া হল। আর কোনো বিষয় থেকে যখন তার মূলনীতিকে ছেড়ে দেয়া হয়, তখন তো তার নিজস্ব অবস্থানই বাকি থাকে না। তাহলে কেন গণতন্ত্রের নামে এতো বাড়াবাড়ি? যেখানে গণতন্ত্রই তার গণ্ডি থেকে বেরিয়ে যাচ্ছে?

বর্তমান সময়টা হল বিশ্বায়ন ও মুক্তচিন্তার যুগ, যেমনটি তাদের বক্তব্য। তারপরও এ কথা বলতেই হবে যে, কুরআন-সুন্নাহ বাদ দিয়ে নবউদ্ভাবিত বিষয় এবং আধুনিকতার মাঝে কোন কল্যাণ নেই। আল্লাহ যাকে হেদায়েত দিতে চান তার জন্য নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশিত পথই যথেষ্ট।

গণতন্ত্র সম্পর্কিত কিছু বিষয় এখানে তুলে ধারছি:

গণতন্ত্র হল জনগণের উপর জনগণ কর্তৃত্ব বিধি-বিধানের মাধ্যমে শাসন করার নাম। অথচ বিধান এরূপ করার অধিকার একমাত্র আল্লাহ তা’আলার। আল্লাহ তা’আলা বলেন,

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ

‘বিধান দেয়ার অধিকার শুধু আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তোমরা শুধুমাত্র তাঁরই ইবাদত করবে, অন্য কারও ইবাদাত করবে না; এটাই সরল-সঠিক দীন।’ [সূরা ইউসুফ:৪০]

সুতরাং আল্লাহ তা’আলাকে বিধান দাতা না মেনে জনগণকে বিধান দাতা হিসেবে মেনে নেয়া সুস্পষ্ট কুফরি ও নিশ্চিত ভ্রষ্টতা।

গণতন্ত্রের আরেকটি বিষয় হল, এ মতবাদে জনগণ কর্তৃক নির্বাচিত আইনসভা আইন প্রণয়নের অধিকার প্রাপ্ত হয়। অথচ আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলা বলেন,

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُم مِّنَ الدِّينِ مَا لَمْ يَأْذَن بِهِ اللَّهُ

‘তাদের কি এমন শরীক দেবতা আছে, যারা তাদের জন্যে ধর্ম সিদ্ধ করেছে, যার অনুমতি আল্লাহ দেননি?’ [সূরা শূরা:১৯]

যদি তারা বলে, আমরা তো শরিয়ত প্রবর্তন করি না। তাহলে তাদেরকে বলা হবে, গণতন্ত্রের মধ্যে তো প্রত্যেক বিষয়ই মত-বিনিময় ও যাচাই-বাছাইয়ের যোগ্য, এমনকি আল্লাহর আহকামও। তাহলে কীভাবে বলা যায় যে, তারা শরিয়ত প্রবর্তন করে না।

জেনে রাখা দরকার, যে বিষয়টির সামনে আত্মসমর্পণ করা ও যাকে মাথা পেতে মেনে নেয়া উচিৎ, তা হল,

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

‘অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্ণতা থাকবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।’ [সূরা নিসা:৬৫]

গণতন্ত্র হচ্ছে পুরুষ-মহিলার মাঝে সম অধিকারের প্রবক্তা। অথচ আল্লাহ তা’আলা বলেন,

وَلَيْسَ الذَّكَرُ كَالْأُنثَىٰ

‘পুরুষ নারীর মত নয়।’ [সূরা আলে ইমরান: ৩৬]

الرِّجَالُ قَوَّامُونَ عَلَى النِّسَاءِ

‘পুরুষেরা নারীদের উপর কর্তৃত্বশীল।’ [সূরা নিসা:৩৪]

فَرَجُلٌ وَامْرَأَتَانِ مِمَّن تَرْضَوْنَ مِنَ الشُّهَدَاءِ

তবে একজন পুরুষ ও দুজন মহিলা (সাক্ষী হবে), তাদের মধ্যে যাদের খুশি তোমরা সাক্ষী হিসেবে গ্রহণ করে নিতে পার।’ [সূরা বাকারা: ২৮৫]

يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنثَيَيْنِ

‘আল্লাহ তোমাদেরকে তোমাদের সন্তানদের সম্পর্কে আদেশ করেন, একজন পুরুষের অংশ দু’জন নারীর অংশের সমান।’ [সূরা নিসা: ১১]

সহীহ বুখারীতে এসেছে,

لن يفلح قوم ولو أمرهم امرأة

‘সে জাতি কখনো সফল হতে পারবে না, যারা তাদের নেতৃত্বকে ছেড়ে দিয়েছে কোনো নারীর হাতে।’

আর এদিকে গণতন্ত্রে মহিলাদেরকে গুরুত্বপূর্ণ সকল ক্ষেত্রে উপযুক্ত ধরা হয়।

এমনকি তারা জাহেল-আলেম, পরহেযগার-গোনাহগারের মাঝেও

সমতার শ্লোগান তুলে। অথচ আল্লাহ পাকের ঘোষণা,

قل هل يستوي الذين يعلمون والذين لايعلمون

'বলে দিন, যারা জানে আর যারা জানে না, তারা কি সমান হতে পারে।' [সূরা যুমার:৯]

أفمن كان مؤمنا كمن كان فاسقا لايستوون

'যে মুমিন সে কি একজন ফাসিকের মত? কোনো দিন বরাবর হতে পারে না।' [সূরা সাজদা:১৮]

গণতন্ত্র সীমাহীন এমন স্বাধীনতা প্রদান করে, যা আল্লাহ তা'আলার নির্ধারিত সীমাকেও অতিক্রম করে। গণতন্ত্র ফাসেকী, অবাধ্যতা, এমনকি ধর্মত্যাগ করার অধিকার পর্যন্ত প্রদান করেছে। এ দিকে আল্লাহ তা'আলা বলেন,

وَمَن يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ

'যারা আল্লাহ কর্তৃক নির্ধারিত সীমা লঙ্ঘন করবে, তারাই জালেম।' [সূরা বাকারা:২২৯]

গণতন্ত্র হল কাফেরদের মনোনীত একটি মতবাদ। তারা এটি নিয়ে গর্ব করে, শ্রেষ্ঠত্বের দাবি করে, বর্তমানে অন্যদেরকেও এর প্রতি আহবান করে। আল্লাহ তা'আলা বলেন,

ثُمَّ جَعَلْنَاكَ عَلَىٰ شَرِيعَةٍ مِّنَ الْأَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ لَا يَعْلَمُونَ

'এরপর আমি আপনাকে রেখেছি ধর্মের এক বিশেষ শরীয়তের উপর। অতএব, আপনি এর অনুসরণ করুন এবং অজ্ঞদের খেয়াল-খুশীর অনুসরণ করবেন না।' [সূরা জাসিয়া:১৮]

فاستقيما ولاتتبعان سبيل الذين لايعلمون

'তোমরা অটল-অবিচল থাক, আর অজ্ঞদের অনুসরণ করবে না।' [সূরা ইউনুস: ৮৯]

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অনেক জায়গায় তাদের অনুকরণ করতে নিষেধ করেছেন। আদেশ করেছেন তাদের বিপরীত কাজ করতে। মুসনাদ ও সুনানে আবু দাউদে ইবনে উমর রা. থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেন,

من تشبه بقوم فهو منهم

'যে ব্যক্তি কোনো জাতির অনুকরণ করবে সে তদেরই দলভুক্ত।'
গণতন্ত্রে কোন বিষয় কেবল তখনই বিবেচিত হয় যখন সেটিকে আন্তর্জাতিক কুফরি মহলগুলো স্বীকৃতি দেয় যে, এ বিধানটি মানবতা বিরোধী নয়। অপরদিকে তারা আল্লাহ রাব্বুল আলামীন কর্তৃক বিভিন্ন হদ যেমন, অবিবাহিত ব্যভিচারীর উপর দুর্রা, বিবাহিত ব্যভিচারীকে পাথর মেরে হত্যা করা, চোরের হাত কাটা ইত্যাদি বিধানগুলোকে পাসবিকতা এবং মানবতা বিরোধী মনে করে।
কাফের রাষ্ট্র ও সংগঠনগুলো ইসলামী দেশগুলোতে প্রচুর অর্থ ব্যয় করছে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য, আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য নয়। আল্লাহ তা'আলা বলেন,

إِنَّ الَّذِينَ كَفَرُوا يُنفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّوا عَن سَبِيلِ اللَّهِ

'নিঃসন্দেহে কাফেররা নিজেদের ধন-সম্পদ ব্যয় করে, যাতে করে তারা আল্লাহর পথে বাধাদান করতে পারে।' [সূরা আনফাল:৩৬]

কাফেররা যে বিষয়ের উপর সন্তুষ্ট থাকে তা হল, তাদের ধারাবাহিক মনগড়া নিয়ম-নীতিকে মেনে নেয়া। এ সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تُطِيعُوا فَرِيقًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ يَرُدُّوكُم بَعْدَ إِيمَانِكُمْ كَافِرِينَ

'হে ঈমানদারগণ! তোমরা যদি আহলে কিতাবদের কোন ফেরকার কথা মান, তাহলে ঈমান আনার পর তারা তোমাদিগকে কাফের বানিয়ে ছাড়বে।' [সূরা আলে ইমরান: ১০০]
গণতন্ত্রে শূরা ব্যবস্থা নেই। অথচ শূরা ব্যবস্থাই হল শরীয়তের হুকুম। আল্লাহ তা'আলা বলেন,

وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ

'এবং গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের সাথে পরামর্শ করুন।' [সূরা আলে ইমরান: ১৫৯]

وأمرهم شورى بينهم

'তাদের মাঝে কাজ সম্পন্ন হয় পারস্পরিক পরামর্শের মাধ্যমে।' [সূরা শুরা: ৩৮]

এ বিষয়টি পরিষ্কার যে, আল্লাহ ও তাঁর রাসুল যখন কোনো বিষয়ে ফায়সালা করে ফেলেন তখন তাতে কোনো মাশওয়ারা ও ইচ্ছাধিকার চলে না। পক্ষান্তরে গণতন্ত্র তার বিপরীত। কেননা তাতে সব বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয় জনগণের কাছ থেকে ভোটের মাধ্যমে প্রতিনিধিদের মধ্যস্থতায় সরাসরি বা পরোক্ষভাবে। অথচ আল্লাহ তা'আলা বলেন,

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَن يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ

'আল্লাহ ও তাঁর রাসুল কোন কাজের আদেশ করলে কোন ঈমানদার পুরুষ ও ঈমানদার নারীর জন্য সে বিষয়ে ভিন্নমত পোষণের ইচ্ছাধিকার নেই।' [সূরা আহযাব: ৩৬]

গণতন্ত্র পরামর্শের ক্ষেত্রে সৎ-অসৎ, আলেম-জাহেল সকলকে সমান অধিকার প্রদান করে। এতেই বুঝা যায় গণতন্ত্র ও ইসলামী শুরার মাঝে কত পার্থক্য!

গণতন্ত্র হল সংখ্যাগরিষ্ঠের শাসন। ওহে মুমিন ভাই, আপনি জানেন, কোনো আলেমেরও ক্ষমতা নেই যে, তাদের সিদ্ধান্তের বিপরীত কিছু করবে; বরং নষ্টই করবে। কেননা অধিকাংশ মানুষই বে-ঈমান, অকৃতজ্ঞ, অবুঝ, ফাসেক, রহমত থেকে বঞ্চিত। অধিকাংশই আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে না। তারা কেবলই মুশরিক। সুতরাং যখন তাদের কাছে সিদ্ধান্তের চাবিকাঠি দিয়ে দেয়া হবে, তখন তারা জমিনে ফাসাদ সৃষ্টি করবে। কিতাবুল্লাহে বিষয়টি পরিষ্কার বর্ণিত হয়েছে,

ولكن أكثر الناس لا يعلمون

'কিন্তু অধিকাংশ লোকই জানে না।'

তারা গণতন্ত্র থেকে উপকৃত হওয়ার প্রয়োজনকে সামনে রেখে

তার দিকে আহবান করাকে নির্দোষ ঘোষণা করে। অথচ আমাদের নিকট এমন একটি পথ ও পন্থা আছে, যা প্রত্যেক ভাল কাজের প্রতি ইঙ্গিত করে দিয়েছে এবং সকল প্রকার মন্দ কাজ থেকে সতর্ক করে দিয়েছে। সহিহ মুসলিমে রয়েছে, হযরত সালমান ফারসী রাযি. খেরোআত তথা-মলত্যাগ করা জনিত হাদিসটি আলোচনা করলে এক ইহুদী তাকে বলেছিল, "তোমাদের নবী তোমাদেরকে সব কিছু শিখিয়েছেন, এমনকি শৌচকর্মও! তিনি বলেছিলেন, অবশ্যই।'

সুতরাং গণতন্ত্রের যেসব বিষয় ইসলামের সাথে মিল রাখে তা গ্রহণ করার আগে ইসলামকে কেন গ্রহণ করতে পরি না? ইসলামের সাথে যেসব বিষয়ে বৈপরীত্য নেই তা নিয়ে আলোচনার পূর্বে কেন ইসলামকে যথেষ্ট মনে করতে পারি না? আল্লাহ শপথ! রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথার বাস্তবতা প্রকাশিত হতে চলেছে, তিনি বলেছেন,

لتتبعن سنن من كان قبلكم شبرا بشبر وذراعا بذراع حتى لو دخلوا جحر ضب لدخلتموه، قالوا: اليهود والنصارى؟ قال: فمن؟

'তোমরা তোমাদের পূর্ববর্তীদের রীতি নীতিকে বিঘাত বিঘাত ইঞ্চি ইঞ্চি অনুসরণ করবে। এমনকি তারা গুইসাপের গর্তে প্রবেশ করলে তোমরাও তাতে প্রবেশ করবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, ইয়াহুদী-নাসারাদের কথা বলছেন? তিনি বললেন, তবে আর করা?' [বুখারী-মুসলিম]

আর এবিষয়টি আবু সাঈদ, আবু হুরায়রা, আবু ওয়াকিদ আল-লাইসীসহ আরো অনেক রাবী থেকে বর্ণিত হয়েছে।

গণতন্ত্রের দিশারীরা বলে, গণতন্ত্রের মাধ্যমে রাষ্ট্রের উন্নতি হয়, জনগণের অনেক সুযোগ সুবিধা লাভ হয়। তারা এই দিকে লক্ষ করেই মানুষদেরকে তার দিকে আহবান করে। তারা শরিয়ত বাস্তবায়নের জন্য আহবান করে না। হযরত আবু হুরাইরা রাযি. থেকে মুসলিম শরীফে বর্ণিত হয়েছে,

بادروا بالأعمال فتنا كقطع الليل المظلم يصبح الرجل مؤمنا ويمسي كافرا ويمسي مؤمنا ويصبح كافرا يبيع دينه بعرض من الدنيا

'তোমরা আমলের প্রতি মনোনিবেশ কর এমন ফেতনা আসার পূর্বে, যা অন্ধকার রাত্রির ন্যায়। যার ফলে ব্যক্তি সকাল অতিবাহিত করবে মুমিন অবস্থায়, আর সন্ধ্যা অতিক্রম করবে কাফের অবস্থায়। এমনিভাবে সন্ধ্যা অতিবাহিত করবে মুমিন অবস্থায় আর সকাল করবে কাফের অবস্থায়। সে তার দ্বীনকে দুনিয়ার স্বল্প মূল্যে বিক্রি করে দেবে।' [সহিহ মুসলিম]

ইসলামী গণতন্ত্র বলে আমরা ইসলামিক সাম্যবাদ ও ইসলামী সমাজতন্ত্রের কথা বলি। আর যারা বলে যে ইসলামি গণতন্ত্র আল্লাহ ছাড়া অন্য কারো জন্য হুকুমত সাব্যস্ত করে না, অবাধ স্বাধীনতা প্রদান করে না, সকলের সমান অধিকারের কথাও বলে না, ইত্যাদি ইত্যাদি। তাহলে তাদেরকে বলা হবে যে, এটার পর তো ইহুদী ইসলামও দাবি করে বসবেন, যেখানে তারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অস্বীকার করবে না বরং তাঁকে বিশ্বাস করবে। ওজাইরকে আল্লাহর পুত্র বলবে না, আল্লাহর হাত বাঁধা এ কথাও বলবে না। এমনিভাবে ইয়াহুদীদের থেকে ইসলামের সাথে সঙ্গতিপূর্ণ বিষয়গুলোই গ্রহণ করা হবে।

তাই গণতন্ত্রের দিকে আহ্বানের চেষ্টা চালানোর পরিবর্তে আবশ্যক হল, এ সমস্ত মেহনতকে আল্লাহ তা'আলার আইন-কানুন ও তার শরিয়ত প্রতিষ্ঠায় ব্যয় করা। তার মাঝেই রয়েছে দুনিয়ার শান্তি ও সুখময় জীবন, আর পরকালীন চিরস্থায়ী সফলতা। এই উম্মাহর পরবর্তীরা সংশোধন হবে না যতক্ষণ না পূর্ববর্তীরা যে পথে সংশোধন হয়েছে তা গ্রহণ না করে। সুতরাং সংশোধনের পথ সুস্পষ্টভাবে ওহীর মাঝেই রয়েছে। কোন আধুনিক বা আদি গণতন্ত্রে নেই।

প্রিয় পাঠক, জেনে রাখবেন যে, স্বদেশকে ভালোবাসা আমাদের নিকট ধর্মের চেয়ে প্রিয় হওয়া উচিত নয়। বরং স্বদেশকে ভালোবাসার দাবি হল, তাতে আল্লাহ তা'আলার দ্বীন কায়েমের ভালবাসা থাকা। প্রত্যেক দেশে দীন ও দীন প্রতিষ্ঠার ভালোবাসা থাকা এটাই মূল। তাই যে ব্যক্তি তার স্বদেশে দ্বীন কায়েমের চেষ্টা করে সে ব্যক্তি স্বদেশ প্রেমের দাবির ক্ষেত্রে ঐ ব্যক্তির চেয়ে বেশি উপযুক্ত, যে এ ধরনের চেষ্টা করে না। এর মাধ্যমেই ভালোবাসা ছড়িয়ে পড়ে, ভ্রাতৃত্ব ও বন্ধন তৈরি হয়, মানুষ আলোকিত পথের সন্ধান পায়, শান্তি ও নিরাপত্তার ছায়ায় আশ্রয় গ্রহণ করে। আল্লাহ তা'আলা বলেন,

وَلَوْ أَنَّ أَهْلَ الْقُرَى آمَنُواْ وَاتَّقَواْ لَفَتَحْنَا عَلَيْهِم بَرَكَاتٍ مِّنَ السَّمَاء وَالأَرْضِ

'আর যদি সে জনপদের অধিবাসীরা ঈমান আনত এবং পরহেজগারি অবলম্বন করত, তবে আমি তাদের প্রতি আসমানি ও পার্থিব নেয়ামতসমূহ উন্মুক্ত করে দিতাম। [সূরা আরাফ: ৯৬]

وَلَوْ أَنَّهُمْ أَقَامُواْ التَّوْرَاةَ وَالإِنجِيلَ وَمَا أُنزِلَ إِلَيهِم مِّن رَّبِّهِمْ لأكَلُواْ مِن فَوْقِهِمْ وَمِن تَحْتِ أَرْجُلِهِم مِّنْهُمْ أُمَّةٌ مُّقْتَصِدَةٌ وَكَثِيرٌ مِّنْهُمْ سَاء مَا يَعْمَلُونَ

'যদি তারা তওরাত, ইঞ্জিল এবং যা প্রতিপালকের পক্ষ থেকে তাদের প্রতি অবতীর্ণ হয়েছে, পুরোপুরি পালন করত, তবে তারা উপর থেকে এবং পায়ের নীচ থেকে ভক্ষণ করত। তাদের কিছুসংখ্যক লোক সৎপথের অনুগামী এবং অনেকেই মন্দ কাজ করে যাচ্ছে। [সূরা মায়েদা: ৬৫-৬৬]

وفقنا الله لما يحبه ويرضاه والحمد لله

লেখক
আল্লাহর অধম গোলাম
মুহাম্মাদ সালেম বিন মুহাম্মাদ আল আমিন আল-মাজলিসী
বেসামরিক কারাগার, নৌয়াকচট, মৌরিতানিয়া
فك الله أسره وجميع إخوانه
২০/০৯/২০০৬ ঈ.

প্রথম আলো-ডেইলি স্টার আপনাকে শেখাবে ক্ষমতাসীন আর ব্রাহ্মণ্যবাদীদের দৃষ্টিতে বর্তমানকে দেখতে। বিবিসি, সিএনএন, ভয়েস অফ অ্যামেরিকা আপনাকে শেখাবে পশ্চিমা কাফিরদের দৃষ্টিতে বর্তমানকে বিচার করতে। আর আমরা আপনাকে জানাব আমাদের বর্তমান প্রেক্ষাপট আর সাম্প্রতিক ঘটনাবলীর ব্যাপারে ইসলামের অবস্থান। তাই আমাদের সাথেই থাকুন, ইসলামের দৃষ্টিতে বাস্তবতাকে দেখতে নিয়মিত ভিজিট করুন।

https://dawahilallah.com/
https://alfirdaws.org/
http://gazwah.net/

আর আমাদের ইউটিউব চ্যানেল
সার্চ করুন এবং সাবস্ক্রাইব করুন

Ummah Network

Ummah News

Voice of Islam

IBADAH